



উপজেলা পরিষদ কার্যালয়  
সিলেট সদর, সিলেট ।

উপজেলা মৎস ও প্রানী সম্পদ কমিটির দ্বি মাসিক সভার কার্যবিবরণী:-


সভাপতি : জনাব মিল্লাত আহমদ চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।  
সভার তারিখ : ২৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ,  
সময় : দুপুর ১১.০০ ঘটিকা  
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কক্ষ

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশমালা	বাস্তবায়নে
১	<p>আলোচনাকালে অধ্য সভার সভাপতি ও ভাইস চেয়ারম্যান বলেন যে, সরকারি ভাবে পবাদি পশুর জন্য যে সকল ভ্যাকসিন ও কৃমি নাশক ট্যাবলেট আসে সেগুলো অপ্রতুল। উপজেলা পরিষদ এর উন্নয়ন তহবিলের আওতায় সিলেট সদর উপজেলার খামারীদের বিনামূল্যে ভ্যাকসিন ও কৃমি নাশক ট্যাবলেট প্রদান করা যেতে পারে। তিনি সম্ভাষ্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন।</p> <p>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার খামারীদের বিনামূল্যে ভ্যাকসিন ও কৃমি নাশক ট্যাবলেট প্রদান করার প্রস্তাব গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য মাসিক সভায় পুনরায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>আলোচনাকালে উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা বলেন, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় প্রানী সম্পদ প্রদর্শনী করা যেতে পারে। স্থান নির্বাচন করার প্রস্তাব করেন। সভায় সর্বসম্মতিক্রমে জহিরিয়া এম ইউ উচ্চ বিদ্যালয়ে স্থান নির্ধারিত হয়।</p>	<p>(ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার খামারীদের বিনামূল্যে ভ্যাকসিন ও কৃমি নাশক ট্যাবলেট প্রদান করার প্রস্তাব গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় প্রানী সম্পদ প্রদর্শনী করার প্রস্তাব গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপজেলা পরিষদ




অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে বন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মিল্লাত আহমদ চৌধুরী)  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও  
সভাপতি  
উপজেলা মৎস ও প্রানী সম্পদ কমিটি  
উপজেলা পরিষদ  
সিলেট সদর, সিলেট ।  
তারিখ :- ২৩/০৯/২০২১ খ্রিঃ ।

২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রি, উপজেলা প্রানী সম্পদ কমিটি  
সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ও স্বাক্ষর :

স্থান :- উপজেলা ভাইস চেয়ারম্যান এর কক্ষ ।

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মিল্লাত আহমদ চৌধুরী	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সিলেট সদর, সিলেট ।	
০২	জনাব দ্বিজরাজ বর্মণ	সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।	
০৩	জনাব মোঃ আজির উদ্দিন	চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট ।	
০৪	জনাব মানিক মিয়া	চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট ।	
০৫	জনাব মোঃ নুরুল ইসলাম	উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট ।	